PG Odd Semester (CBCS) Exam., December—2018

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–102

(ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। ভাষাবিজ্ঞান বলতে কী বোঝ? ভাষাবিজ্ঞানের বিভিন্ন শাখাগুলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৪+১০=১৪

২। মানুষের ভাষার সঙ্গে অন্যান্য প্রাণীর ভাষার পার্থক্য আলোচনা করো। ভাষাবিজ্ঞানে স্যসুর-এর অবদান আলোচনা করো। ৪+১০=১৪

খ—গুচ্ছ

৩। বাংলা ভাষার আদি উৎস কোন্ ভাষা? প্রাচীন ভারতীয় আর্য ভাষা থেকে অনেকগুলি স্তর পেরিয়ে বিবর্তনের মধ্য দিয়ে কীভাবে বাংলা ভাষা জন্মলাভ করেছে তা আলোচনা করো। ১+১৩=১৪

৪। প্রাচীন বাংলার সাহিত্যিক নিদর্শন কী? প্রাচীন বাংলার সময়সীমা উল্লেখ করে সেই সময়ের ভাষার তিনটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। রূপিম কাকে বলে? শব্দ এবং অক্ষরের সঙ্গে রূপিমের পার্থক্য কী তা উদাহরণ দিয়ে আলোচনা করো। ৪+১০=১৪

৬। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা বলতে কী বোঝ? বাংলা থেকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো : ৪+১০=১৪

"সব পাখি ঘরে আসে—সব নদী—ফুরায় এ-জীবনের সব লেনদেন;
থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার বনলতা সেন।"

ঘ—গুচ্ছ

৭। উপভাষা কাকে বলে? উপভাষার বৈশিষ্ট্য কী? বরাক উপত্যকার উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+২+১০=১৪

৮। বাক্য শব্দটির অর্থ কী? 'সাহিত্য দর্পণে' বাক্যের কী কী লক্ষণের কথা বলা হয়েছে? "বাংলা বাক্য বড় গোলমেলে।" মন্তব্যটির সত্যতা উদাহরণ দিয়ে আলোচনা করো। ২+৩+৯=১৪

ঙ—গুচ্ছ

৯। বাংলায় সমাজ-ভাষা বিষয়ক চর্চার দুটি গ্রন্থ এবং এর লেখকের নাম লেখো। ভাষা-পরিকল্পনা বলতে কী বোঝ? ভাষার মান্যায়নে যে পদ্ধতিগুলি অনুসরণ করা হয় তা আলোচনা করো। ৪+২+৮=১৪

১০। বানানবিধি বলতে কী বোঝ? বাংলা বানান সংস্কারের ইতিহাস বিস্তারিত আলোচনা করো। ৪+১০=১৪

★★★